

সশ্রদ্ধা

ভাঃ ০২ FEB ২০১৬  
পৃঃ ... কমান্ড...

## এসএসসি পরীক্ষার প্রবেশপত্রের নামে লাখ লাখ টাকার বাণিজ্য

প্রতিনিধি, আগৈলঝাড়া (বরিশাল)

বরিশালের আগৈলঝাড়ায় চলতি এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে প্রবেশপত্রের নামে অতিরিক্ত টাকা হাতিয়ে নেয়ার অভিযোগ উঠেছে বিদ্যালয়গুলোর বিরুদ্ধে। এ ব্যাপারে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কিছুই জানেন না বলে জানান। স্থানীয় সূত্রে জানা গেছে, উপজেলার ৩৪টি মাধ্যমিক বিদ্যালয় ২ হাজার ১৪৫ জন শিক্ষার্থীদের কাছ থেকে এসএসসি পরীক্ষার প্রবেশপত্রের নামে প্রায় ৬ লাখ ৪৩ হাজার ৫শ' টাকা অতিরিক্ত আদায় করে বিদ্যালয়গুলো। মাম প্রকাশ না করার শর্তে শিক্ষার্থী সূত্রে জানা গেছে, বিদ্যালয়গুলো প্রতিটি প্রবেশপত্র নেয়ার সময় শিক্ষার্থীদের কাছ থেকে বিভিন্ন অজুহাত দেখিয়ে ৩শ' থেকে ৪শ' টাকা করে নেয়া হচ্ছে। শুধুমাত্র এ উপজেলার দু'একটি স্কুলে প্রবেশপত্রের নামে অতিরিক্ত টাকা নেয়া হয়নি। অভিভাবকরা জানান, ফরম পূরণের সময় পরীক্ষার কেন্দ্র ফিসহ বিভিন্ন অজুহাত দেখিয়ে শিক্ষার্থীদের কাছ থেকে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো অতিরিক্ত টাকা নিয়েছিল। বর্তমানে প্রবেশপত্র নেয়ার সময়ও বিদ্যালয়গুলো শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত টাকা নিচ্ছে। উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি সুনীল কুমার বাউড় সাংবাদিকদের জানান, আমার বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার ফরম পূরণের সময় ১২ থেকে ১৩শ' টাকা নিয়ে ফরম পূরণ করিয়েছিলাম। তাই এখন খরচ বাবদ কিছু টাকা নেয়া হচ্ছে। এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. নজরুল ইসলাম প্রবেশপত্রের নামে টাকা নেয়ার ব্যাপারে বলেন, বিষয়টি সম্পর্কে কাঠিরা থেকে একজন আমাকে ফোনে জানিয়েছিল। প্রবেশপত্রের নামে টাকা নেয়া এখন অবৈধ। তারপরেও কোন স্কুল নিলে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।